



বাংলাদেশের ভবিষ্যৎ নির্ধারণ করবে তরুণ প্রজন্ম: মির্জা ফখরুল



বিএনপি মহাসচিব মির্জা ফখরুল ইসলাম। ছবি: সংগৃহীত

বিএনপি মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর বলেছেন, বাংলাদেশের উন্নয়ন ও অগ্রগতির প্রধান চালিকাশক্তি হবে তরুণ প্রজন্ম। তাই দেশের ভবিষ্যৎ গঠনে যুবকদের আরও বেশি সম্পৃক্ত করার ওপর গুরুত্বারোপ করেন তিনি।

শনিবার (১৩ জুন) রাজধানীর জিয়া উদ্যানে শহীদ রাষ্ট্রপতি জিয়াউর রহমান ও সাবেক প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়ার সমাধিতে শ্রদ্ধা নিবেদন শেষে তিনি এসব কথা বলেন। এ সময় যুবদলের নবগঠিত কেন্দ্রীয় পূর্ণাঙ্গ কমিটির নেতারাও উপস্থিত ছিলেন।

মির্জা ফখরুল বলেন, বিএনপির চেয়ারম্যান ও প্রধানমন্ত্রী তারেক রহমান যুবদলের পূর্ণাঙ্গ কমিটির অনুমোদন দিয়েছেন। নতুন এই কমিটির মাধ্যমে সংগঠনটি সারা দেশে আরও শক্তিশালী ও কার্যকর ভূমিকা রাখতে সক্ষম হবে বলে তিনি আশা প্রকাশ করেন।

তিনি বলেন, দেশের উন্নয়ন ও জনগণের কল্যাণে তরুণদের এগিয়ে আনার নীতিতে সরকার কাজ করছে। তারুণ্যের শক্তিকেই দেশের সবচেয়ে বড় সম্পদ উল্লেখ করে তিনি নতুন নেতৃত্বের ওপর আস্থা প্রকাশ করেন।

বিএনপি মহাসচিব আরও বলেন, তারেক রহমানের নেতৃত্বে যুবদলের নতুন কমিটি দেশের কল্যাণ ও উন্নয়নে ইতিবাচক ভূমিকা রাখবে। পরে জিয়াউর রহমান ও খালেদা জিয়ার আত্মার মাগফিরাত কামনায় বিশেষ মোনাজাতে অংশ নেন নেতারা।

এ সময় যুবদলের সভাপতি আব্দুল মোনাম মুন্না, সাধারণ সম্পাদক নূরুল ইসলাম নয়নসহ বিএনপি ও অঙ্গসংগঠনের বিভিন্ন পর্যায়ের নেতাকর্মীরা উপস্থিত ছিলেন।